

**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি  
মৌলভীবাজার (ঢাকা) শাখা ।**

**অর্থঝাগ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স আদর ট্রেড ইন্টারন্যাশনাল, স্বত্ত্বাধিকারী জনাব মোঃ গোলাম মাওলা ওরফে হাজী মোঃ গোলাম মাওলা, পিতা- মৃত দোষ্ট মোহাম্মদ ওরফে হাজী দোষ্ট মোহাম্মদ, মাতা- মোসাঃ সাহিদা খাতুন, ব্যবসায়িক ঠিকানা - ৭৭/২, মৌলভীবাজার, সাহিদা ম্যানশন এবং ৪/এ, ধীরেন্দ্র চন্দ্র রায় রোড, ঢাকা, বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানা - ৫/বি, ধীরেন্দ্র চন্দ্র রায় রোড, বাবুবাজার, কোতয়ালী, ঢাকা-১১০০ কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, মৌলভীবাজার (ঢাকা) শাখা হইতে গৃহীত খণ্ডের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোকার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। খণ্ডহীনতা মঙ্গলীপত্রের শর্ত মোতাবেক খণ পরিশোধ না করায় বিগত ১৮.০৯.২০২১ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৭,৫৫,৮৯,২১৩.৩৪ (সাত কোটি পঞ্চাশ লাখ উননবই হাজার দুইশত তের টাকা তিন চার পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আঁচাই ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তির তফসিল**

জেলাঃ ঢাকা, থানাঃ সাবেক কোতয়ালি হাল লালবাগ, সাব-রেজিস্ট্রি অফিসঃ সদর ঢাকা, মৌজাঃ সাবেক শহর ঢাকা হাল লালবাগ, ঢাকা কালেক্টরেট তৌজি নংঃ ৩২৪৮ বি-১, সাবেক ওয়ার্ড নং ৫, সীট নং সাবেক ৩৬ হাল ৬; খতিয়ান নংঃ সি.এস ১৪০৭৫, ১১২৩১; এস.এ ১৬৭০, ১৬৬৯; আর.এস ৫৩৭৪; ঢাকা সিটি সার্ভে ৩১৪২; নামজারি খতিয়ান নং ১৬৭০/১/২; দাগ নংঃ সি.এস ২১৬, ২১৭; এস.এ ২৯১১, ২৯১২; আর.এস ১২২৩৭, ১২২৪৩; ঢাকা সিটি সার্ভে ২০১৮২, ২০১৮৪; হোল্ডিং নংঃ ৫/বি, ধীরেন্দ্র চন্দ্র রায় রোড, আরমানিটোলা, ঢাকা এর অন্তর্গত ৭.৭৩ (সাত দশমিক সাত তিনি) শতাংশ অথবা ৪.৬৮ (চার দশমিক ছয় আট) কাঠা ভূমি এবং তদুপরিস্থিত পাঁচ তলা বাড়ি সহ তৎসংশ্লিষ্ট সকল সুযোগ সুবিধা।

**নিলামের শর্তাবলী**

- (১) আগামী ১৮.১০.২০২১ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, মৌলভীবাজার (ঢাকা) শাখায় রাখিত বাস্তু সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ঢাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-আর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, মৌলভীবাজার (ঢাকা) শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নবাঁই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে। তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়ান্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাতার জামানত বাজেয়ান্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, মৌলভীবাজার (ঢাকা) শাখা।